Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৫০ নয়া পয়সা। ২৲ দুই টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা ২৫ নয়া পয়সা

নগদ মূল্য ছয় নয়া পয়সা

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

**বহরমপুর এক্সরে ক্লিনিক**

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সম্ভব কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★-দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৪৪শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১লা মাঘ বুধবার ১৩৬৪ ইংরাজী 15th Jan. 1958 | ৩৪শ সংখ্যা

২৫শে পৌষ ১৮৭৯ শকাব্দ




মনোমত

সুন্দর, সস্তা আর মজবুত

জিনিষ যদি চান তা হ'লে

আরতির

**"রাণী রাসমণি"**

**শাড়ী ও ধুতি কিনুন।**

কাপড়কে সব দিক থেকে আপনাদের পছন্দমত করার সকল যত্ন সত্ত্বেও যদি কোন ত্রুটি থাকে, তাহ'লে দয়া ক'রে জানাবেন, বাধিত হ'ব এবং ত্রুটি সংশোধন করবো।

**আরতি কটন মিলস্ লিঃ**

দাশনগর, হাওড়া।

হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

দূরের মানুষ কাছে হয়

ফটো যদি সঙ্গে রয়

রঘুনাথগঞ্জ থানার উত্তরে শ্রীঅরুণ ব্যানার্জ্জীর ষ্টুডিওতে অনুসন্ধান করুন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

১লা মাঘ বুধবার সন ১৩৬৪ সাল।

## "দান করা প্রাণ ফিরিয়ে নিলে কালিঘাটের কুকুর হয়।"

আমরা খেমটা নর্ত্তকীর মুখে এই গানটি বহু দিন পূর্বে শুনিয়া তখন মনে করিতাম যেন কোন সাধ্বী তাঁহার পতিপদে কায়মন অর্পণ করিয়া যদি সেই অর্পিত প্রাণ লইয়া তাঁহার অবাধ্যতা করে তবে সেই রমণী মৃত্যুর পর কালিঘাটের কুকুরী জন্ম প্রাপ্ত হয়। এখন দেখিতেছি যে দেশের কাজে যে নেতা তাঁহার দেহ মন সব অর্পণ করিয়াছেন, তিনিও এই উৎসর্গীকৃত দেহ মন ফিরাইয়া লইতে পারেন না।

আমরা অনেক স্থলে লক্ষ্য করিয়াছি দেশভক্ত সুসন্তান দেশের সেবা করিয়া অস্থি-চর্ম্ম-সার হইয়া অচিরে কালগ্রাসে পতিত হন। আবার **দেশের সেবক বেশে দেশের সে বক** রূপে পরিগণিত হইয়া থাকেন। এই সেবক-বেশী বককে স্বয়ং প্রকৃতি দেবীই সাধারণের সমক্ষে ধরাইয়া দেন। আমরা কাহারও নাম করিব না। সকল নিরপেক্ষ দেশবাসীকে অনুরোধ করি যদি এই সেবা কার্য্য গ্রহণের পূর্বে দেহ যার অস্থি সার ছিল, এখন যদি দেখেন বেশ নাদুস্ নুদুস্ গোপাল গোপাল চেহারা হইয়াছে তখন বুঝিবেন দেশ মাতৃকার সেবা কার্য্য করিয়া মায়ের প্রসাদ বেশ পুরো মাত্রায় উদরস্থ করিয়া এই পুষ্টিরূপ অর্জ্জন করিয়াছেন। যদি সেবক হওয়ার আগেকার কোট বা গেঞ্জি থাকে, এখন একবার যদি সেই কোট বা গেঞ্জি তাঁহাকে গায়ে দিতে রাজি করাইতে পারেন—দেখিবেন কোটের বোতাম যেখানে যাবে তার অনেক দূরে আছে বোতামের প্রবেশের ফুটোটি। হয়তো ৪।৫ আঙ্গুল পরিমিত বুক অনাবৃত অবস্থায় থাকিবে।

কিছুদিন আগে একজন অন্যদলীয় নেতা একজন কংগ্রেসী প্রধান ব্যক্তিকে তাঁহার বর্ত্তমান সেবা কার্য্য ত্যাগ করিয়া অন্যভাবে গঠন কার্য্য গ্রহণ করিতে অনুরোধ করেন। তিনি পূর্ব্বে পূর্ব্বে অনেক ত্যাগ করিয়াছেন। এখন সে ত্যাগ করা তাঁহার সম্ভব নয় উচিতও নয়।

জাতীয় কংগ্রেসের সভাপতি ও পশ্চিম বঙ্গের প্রাদেশিক কংগ্রেস সভাপতি মহাশয়দ্বয় পুনরায় নির্ব্বাচিত হইয়া সেবা কার্য্য চালাইতে হকদার হইয়াছেন। আসাম গৌহাটীতে এক বিশাল ভূখণ্ডে প্রাকজ্যোতিষপুর অস্থায়ী নগর স্থাপিত হইয়াছে বহু লক্ষ টাকা ব্যয়ে। যে দেশের লোক অপরাধ না করিলেও আসামী সেই দেশে দেবগণের মর্ত্ত্যে আগমনের মত মহামানবের সমাগম হবে। এখানে কিছুদিন আগে যিনি মুখ্য ব্যক্তি ছিলেন তিনি অসুস্থতা নিবন্ধন কর্ম্মত্যাগ করিলেও দেবতার কৃপায় দিব্য দেহ প্রাপ্ত হইয়া অন্য দেশে দেবত্ব লাভ করিলেন। তিনি সে দেশে রাজ্যপাল হইলেন।

এই দেবলীলা শেষ হইলে সকলেই বুঝিবেন নর্ত্তকীর গান—

"লোকে বলে ছাড়ো ছাড়ো
ছাড়তে কি তাই পারা যায়
দান করা প্রাণ ফিরিয়ে নিলে
কালিঘাটের কুকুর হয়।"

---

## *দিন মজুরের দান*

মুর্শিদাবাদ জেলার কান্দী মহকুমার বরঞা থানার অন্তর্গত হাপিনা গ্রামের শ্রীধনগোপাল ভল্লা মজুর খাটিয়া সংসার যাত্রা নির্ব্বাহ করেন। তিনি তাঁর মজুরীর পয়সা হইতে প্রত্যহ চারি আনা সঞ্চয় করিয়া এক মাসে সাত টাকা আট আনা উক্ত গ্রামের বিদ্যালয়গৃহ নির্ম্মাণের জন্য দান করিয়াছেন। তাঁর মত গরীবের বিদ্যোৎসাহিতা প্রশংসনীয় ও অনুকরণীয়।

---

## *বিড়ম্বিতের গান*

শ্রীস্থ-মো-দে

এই বাংলাদেশের ঘুচল না দুর্দ্দিন,
খাদ্যাভাবে দিনে দিনে
জাতটা হল ক্ষীণ!
ন'সিকে সের সরষের তেল
তবু কি খাঁটি? সবটাই ভেল,
চড়া দামে কিনতে চাউল
সবাই অর্থহীন।
দশ আনা সের মসুর কলাই
কাঠের অভাব জ্বালানি নাই,
কয়লার দর চলছে বেড়েই
নিয়ত দিন দিন।
জাত বাঙালী মাছের কাঙাল
মাছ পশারী রাঘব বোয়াল,
আড়াই টাকা দামটি মাছের
কাতলা ইলিশ মীন।
সবটা ভেজাল পাই না ঘিয়ে দানা
ভাসছে দুধে এঁদো ডোবার পানা,
কাপড়ের দাম বাড়ল মানে
বাড়ল আরো ঋণ।
হাসপাতালে সারছে কি ব্যাধি?
রুগীর গতি সলিল সমাধি!
রোগ সারাবার ওষুধগুলি
গুপ্তপথে লীন।
পথ সাঁকো সব গোলক ধাঁধা
বর্ষায় একগলা কাদা,
পাচসালাতে টানছে রসদ
সিমেণ্ট-লোহা-টিন।
এই পোড়া দেশের ঘুচল না দুর্দ্দিন।

---

## সরকারী বিজ্ঞপ্তি

বহরমপুর—খয়রামারি রুটে 'ষ্টেজ ক্যারেজ' চলাচলের একটি স্থায়ী রুটের জন্য মুর্শিদাবাদের আঞ্চলিক পরিবহন প্রাধিকারের সচিব যে দরখাস্ত আহ্বান করিয়া যে বিজ্ঞপ্তি দিয়াছিলেন, তাহা বাতিল করা হইয়াছে।

স্বাঃ—আর, এন, রায়, সচিব, আঞ্চলিক পরিবহন প্রাধিকার, মুর্শিদাবাদ।

## নলহাটী থানায় ডাকাতি

### দুইজন ডাকাত নিহত

সংবাদে প্রকাশ নলহাটী থানায় জ্যেষ্টাগ্রামে হাজি রায়নদ্দিনের গৃহে গত নয় দিন পূর্ব্বে এক চাঞ্চল্যকর ডাকাতি হইয়াছে। মুর্শিদাবাদ জেলার হুদরাপুর ও অন্যান্য গ্রাম হইতে প্রায় ২৫।৩০ জন ডাকাত রায়নদ্দিন হাজির গৃহে ডাকাতি করিতে আসে, ডাকাতগণ হাতবোমা ফাটাইতে থাকে এবং হামার দিয়া লোহার আয়রণ সেফ ভাঙ্গিয়া ফেলে ঐ শব্দে গ্রামবাসী জাগিয়া উঠে। গ্রামের মোহদ মোল্লার বন্দুক আছে। ডাকাতদের তাড়াইবার জন্য বন্দুকের গুলি ছোড়া হয় একজন ডাকাত আহত হইলে ডাকাতগণ তাহাকে তুলিয়া লইয়া পলায়ন করে। গ্রামবাসীগণ সাহসের সহিত ডাকাতদের পশ্চাদ্ধাবন করে। পথে একজন ডাকাতের মাথায় আঘাত কারলে সে পড়িয়া যায় অপর ডাকাতগণ তাহাকে ফেলিয়া পলায়ন করে। অপর আহত ব্যক্তিকে কিছুদুর লইয়া গিয়া ডাকাতগণ তাহার মাথা কাটিয়া লইয়া লাসটি ফেলিয়া দিয়া যায়। অপর আহত ডাকাতকে ধরিয়া আনা হয় ও থানায় সংবাদ দেওয়া হয়। পুলিশ আসিবার পূর্ব্বে এই ডাকাতটিও মারা যায়।

এই সম্পর্কে পুলিশ গৃহস্বামী রায়নদ্দিন হাজিকে গ্রেপ্তার করিয়াছে। তদন্ত চলিতেছে।

---

## মুর্শিদাবাদের নূতন চরে পাক পুলিশ

গত ৫ই জানুয়ারী সোমবার ভোর ৬টায় রঘুনাথগঞ্জ থানার অন্তর্গত দয়ারামপুর সীমান্ত ফাঁড়ির টহলদার পুলিশ যখন পিরোজপুর-বাজিতপুর চরের নিকটবর্ত্তী এক নূতন চরে টহল দিয়া ফিরিতেছিল তখন পাক পুলিশবাহিনীর একজন হাবিলদারের নেতৃত্বে বারজন পাক কনষ্টেবল পিরোজপুর-বাজিতপুর চর অতিক্রম করিয়া ঐ নূতন চরে অনাধিকার প্রবেশ করে।

এই অবস্থায় নূতন চরে পাক পুলিশ দলের অনধিকার প্রবেশে ভারতীয় টহলদার পুলিশ আপত্তি জানায় এবং পাক পুলিশ দলকে তাড়া করিয়া যায়। পাকিস্থান অন্তর্গত রাজসাহী জেলার নবাবগঞ্জের এস, ডি, পি, ও, স্বয়ং ঘটনাস্থলে হাজির হন এবং সমগ্র চরটি পাকিস্থানভুক্ত বলিয়া দাবী করিয়া ভারতীয় টহলদার পুলিশকে তাড়া করেন। কেবল তাহাই নহে, নূতন চরে যে সরিষার ক্ষেত আছে, তাহা পরিদর্শনের জন্য জেদ প্রকাশ করেন। ভারতীয় টহলদার পুলিশ প্রবল আপত্তি করিলে তিনি চর ছাড়িয়া যান।

রঘুনাথগঞ্জের সার্কেল ইন্সপেক্টর খবর পাইয়া সদলে ঘটনাস্থলে উপস্থিত হন। ইহা দেখিয়া পাক পুলিশ দল পশ্চাদপসরণ করিয়া পিরোজপুর-বাজিতপুর চরের কাশবনে ঘাঁটি গাড়ে এবং পাক পুলিশের সংখ্যা আরও বৃদ্ধি পায়। রাত্রিভাগে পাকবাহিনী বাজিতপুরের চরে ছাউনী ফেলে এবং অন্ধকারের আড়ালে সেখানে টহল দিয়া ফিরে। শুধু তাহাই নহে, সর্বেতোভাবে ভারত ইউনিয়ন অন্তর্ভুক্ত নূতন চরেও তাহারা টহল দিতে আরম্ভ করে। মুর্শিদাবাদ ও রাজসাহীর জেলা-শাসক মহাশয়দ্বয়ের আলোচনায় উহার মীমাংসা হইয়াছে।

---


## হস্তচালিত তাঁতশিল্প প্রতিযোগিতা

পশ্চিমবঙ্গের হস্তচালিত তাঁতশিল্পের সর্ব্বাঙ্গীন উন্নয়নের জন্য এই শিল্পে নিযুক্ত বিভিন্ন বিভাগের শিল্পীদের একটি প্রতিযোগিতা গত বছরের মত এ বছরেও অনুষ্ঠিত হবে। পশ্চিমবঙ্গ সরকারের শিল্প-অধিকার, উপযুক্ত প্রতিযোগীকে নগদ টাকা পুরস্কার দেবেন। এই প্রতিযোগিতাকে পূর্ণ প্রতিনিধিত্ব-মূলক ও সাফল্যমণ্ডিত করে তোলবার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা প্রয়োজন।

নিম্নলিখিত বিভাগে প্রতিযোগিতা আহ্বান করা হচ্ছে: (ক) হস্তচালিত তাঁতের উৎকর্ষ সাধনের জন্য নুতন ও উন্নত ধরণের যন্ত্রপাতি ও সাজসরঞ্জাম উদ্ভাবন। (খ) তাঁতেবোনা সর্ব্বোৎকৃষ্ট কাপড়। (গ) তাঁতে-বোনা কাপড়ের সর্ব্বোৎকৃষ্ট ছাপা। (ঘ) তাঁতে-বোনা ও ছাপানো কাপড়ে ব্যবহারের জন্য কাগজে আঁকা নক্সা। (ঙ) সর্ব্বাপেক্ষা মিহি সূতোর সর্ব্বোৎকৃষ্ট কাপড়। (চ) তাঁতে-বোনা আধুনিক রুচিসম্মত নানাপ্রকার নিত্যপ্রয়োজনীয় কাপড়।

যে সকল শিল্পী এই প্রতিযোগিতায় যোগদান করতে ইচ্ছুক, তাঁরা তাঁদের কাজের নমুনা যেন ১৯৫৮ সালের ১৫ই জানুয়ারীর মধ্যে স্ব স্ব জেলার সমবায় সমিতির রেজিষ্ট্রারের অফিসে দাখিল করেন।

একজন শিল্পী একাধিক বিষয়ে প্রতিযোগিতা করতে পারেন। পুরস্কারপ্রাপ্ত দ্রব্যাদি ফেরৎ দেওয়া হবে না।

বিস্তৃত বিবরণ পশ্চিমবঙ্গ শিল্প-অধিকার-এর অফিস ১নং হেষ্টিংস ষ্ট্রীট, 'বি' ব্লক, কলিকাতা থেকে পাওয়া যাবে।

পশ্চিমবঙ্গ সরকার কর্ত্তৃক প্রচারিত


## কাশ্মীর প্রসঙ্গে শ্রীমেনন

প্রতিরক্ষা মন্ত্রী শ্রীকৃষ্ণমেনন দিল্লীতে বলেন যে, কাশ্মীরের সমস্যা ভারতের নিরাপত্তা ও সংহতির সমস্যা। কোন কিছুর বিনিময়ে নিজের এলাকা দেওয়া বা অঙ্গহানি করার জন্য ভারত প্রস্তুত নয়।

নিরাপত্তা পরিষদে আলোচনার উল্লেখ করিয়া তিনি বলেন, ঐ আলোচনায় কোন কোন দেশ নীতি, আইন ও প্রকৃত ঘটনার সহিত সামঞ্জস্যবিহীন উক্তি করিয়াছে। সেজন্য অপসারণ উদ্দেশ্য সাধনের একটি উপায় মাত্র। বিশ্বরাষ্ট্রসঙ্ঘের প্রস্তাব লঙ্ঘন করিয়া অপর পক্ষ তাহাদের সামরিক শক্তি বৃদ্ধি করিয়াছে। আজাদ কাশ্মীর ভারতের হাতে সমর্পণ করা পাকিস্তানের নৈতিক দায়িত্ব। —প্রেঃ ইঃ ব্যুঃ

---

## টেণ্ডার নোটীশ

অত্র মিউনিসিপ্যালিটীর অধীন কতকগুলি টিউব ওয়েল মেরামত করা দরকার। মেরামত কার্য্যের জন্য এবং আবশ্যকানুযায়ী parts সমূহ সরবরাহ করিতে হইবে, সেজন্য টেণ্ডার call করা যাইতেছে। আগামী ২৫শে জানুয়ারী মধ্যে টেণ্ডার দাখিল করিতে হইবে। বিশেষ বিবরণাদি অত্র আফিসে পাওয়া যাইবে।

চেয়ারম্যান, ধুলিয়ান মিউনিসিপ্যালিটী।

## দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্টইউনিয়ন"  টেলিফোন : বড়বাজার ৪১৯

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়

---

আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১॥০ টাকা ও মাশুলাদি ১৶০ এক টাকা তিন আনা।

সোল এজেণ্ট :—ডাঃ ডি, ডি, হাজরা

ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

---

## অরবিন্দ এণ্ড সন্স

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর ( মুর্শিদাবাদ )

ঘড়ি, টর্চ, ফাউণ্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্, সাইকেলের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, সাইকেল, ফটো-ক্যামেরা ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।

---



### বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের

## আমলা কেশ তৈল



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত